

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ২২/০৪/২০২৬খ্রি.

২০২১ সনের মাস্টার্স ১মপর্ব নিয়মিত, প্রাইভেট নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২১/০৪/২০২৬ তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০২১ সনের মাস্টার্স ১মপর্ব পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত ফি ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ:

অনলাইনে ফরম পূরণ, পরীক্ষার ফি ও আবেদন ফরম বিভাগে জমা দেয়ার শেষ তারিখ: ১০/০৫/২০২৬ খ্রি.

বিভাগ কর্তৃক অনলাইনে ভেরিফাই ও বিবরণী কলেজ অফিসে জমা দেয়ার শেষ তারিখ: ১২/০৫/২০২৬ খ্রি.

পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা: ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২১/০৪/২০২৬ তারিখে

প্রকাশিত বিজ্ঞপ্তির শর্তাবলি প্রযোজ্য হবে।

নিয়মিত/অনিয়মিত/মানোন্নয়ন শিক্ষার্থীদের পরীক্ষার ফি:


নং	বিভাগের নাম	মোট ফি	নং	বিভাগের নাম	মোট ফি
০১	বাংলা বিভাগ	২৩৭৫/-	১৩	হিসাববিজ্ঞান বিভাগ	২৩৭৫/-
০২	ইংরেজি বিভাগ	২৩৭৫/-	১৪	ব্যবস্থাপনা বিভাগ	২৩৭৫/-
০৩	ইতিহাস বিভাগ	২৩৭৫/-	১৫	পদার্থ বিজ্ঞান বিভাগ	২৬২৫/-
০৪	ইসলামের ইতিহাস বিভাগ	২৩৭৫/-	১৬	রসায়ন বিভাগ	২৬২৫/-
০৫	দর্শন বিভাগ	২৩৭৫/-	১৭	উদ্ভিদ বিজ্ঞান বিভাগ	২৬২৫/-
০৬	ইসলামিক শিক্ষা বিভাগ	২৩৭৫/-	১৮	প্রাণিবিদ্যা বিভাগ	২৬২৫/-
০৭	রাষ্ট্রবিজ্ঞান বিভাগ	২৩৭৫/-	১৯	ভূগোল ও পরিবেশ	২৬২৫/-
০৮	সমাজবিজ্ঞান বিভাগ	২৩৭৫/-	২০	মনোবিজ্ঞান বিভাগ	২৬২৫/-
০৯	সমাজকর্ম বিভাগ	২৩৭৫/-	২১	গার্হস্থ্য অর্থনীতি বিভাগ	২৬২৫/-
১০	অর্থনীতি বিভাগ	২৫৭৫/-	২২	গণিত বিভাগ	৩২২৫/-
১১	মার্কেটিং বিভাগ	২৩৭৫/-	২৩	পরিসংখ্যান বিভাগ	৩১৭৫/-
১২	ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ	২৩৭৫/-			

মানোন্নয়ন পরীক্ষার্থীদের ১ পূর্ণ পত্রসহ পরীক্ষার ফি= ১৪৫০/- টাকা
মানোন্নয়ন পরীক্ষার্থীদের পরবর্তীতে প্রতি পূর্ণ পত্রের জন্য ২০০/- টাকা হারে যোগ করে ফি জমা দিতে হবে।
২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের পূর্বের যে সকল শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ হয়েছে সে সকল পরীক্ষার্থী ৫০০০/-
টাকা জরিমানাসহ অন্যান্য ফি জমা দিয়ে অকৃতকার্য/ অনুপস্থিত পত্র/ পত্রসমূহে মানোন্নয়ন ফরম পূরণ করতে পারবে।
মানোন্নয়ন পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষার কেন্দ্র ফি পরীক্ষার দিন স্ব স্ব বিভাগে জমা দিবে।

১. ফরম পূরণের ফি জমা দেয়া:

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট www.7college.du.ac.bd থেকে ফরম পূরণের আবেদন ফরম ডাউনলোড করার পর “উপায়/বিকাশ/রকেট/এমক্যাশ/সেলফিন (Biller ID: Eden Mohila College)” এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাবির রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে ফি পরিশোধ করতে হবে। ফি জমা দেয়ার পূর্বে বিভাগের নোটিশের অনুসারে মোবাইল ব্যাংকিং এ সঠিক ফি না দেখালে, ফি জমা না দিয়ে কলেজ অফিসে যোগাযোগ করতে হবে। ফি জমাদানের রশিদসহ টাবির ফরম পূরণের আবেদন ফরম স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

২. যে সকল শিক্ষার্থী মানোন্নয়ন ফরম পূরণ করবে তাদের ফরম পূরণের ফরম ডাউনলোড করার পর অনলাইনে ফি নির্ধারণের জন্য প্রশাসনিক ভবনের তৃতীয় তলা হিসাব শাখায় যোগাযোগ করতে হবে।


অধ্যাপক শামিম আরা
আইডি নং-০০০০৭৬৪৮
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

৩। বিভাগের করণীয়:

ক) উপরোল্লিখিত ফিস হিসাব অনুযায়ী স্ব স্ব বিভাগের ছাত্রীদের নোটিশ করবেন। বিভাগসমূহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করে ছাত্রীদের ফরম পূরণ নিশ্চিত করবেন। শিক্ষার্থীর পূরণকৃত আবেদন ফরম বিভাগে জমা রাখার সময় নোটিশের টাকার সাথে মিল আছে কিনা তা দেখে জমা নিবেন। ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের পূর্বের যে সকল শিক্ষার্থী মানোন্নয়ন ফরম পূরণ করবে তাদের আবেদন ফরম জমা রাখার সময় রেজিস্ট্রেশনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার জরিমানা ফি ৫০০০/- টাকা জমা দিয়েছে কিনা তা দেখে জমা রাখতে হবে। এ ছাড়া অনলাইনে ফরম পূরণ এবং পরীক্ষার ফি আদায় সহজকরণের লক্ষ্যে আর্কিমেইজ কর্তৃপক্ষকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০২১ সনের মাস্টার্স ১মপর্ব নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরম পূরণের ২১/০৪/২০২৬ তারিখের বিজ্ঞপ্তিটি কলেজের বিজ্ঞপ্তির সাথে স্ব স্ব বিভাগের নোটিশ বোর্ডে দেয়া এবং পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করা হল।



(অধ্যাপক শামিম আরা)
অধ্যাপক শামিম আরা
আইডি নং-০০০০৭৬৪৮
ইডেন মহিলা কলেজ, ঢাকা।
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

- ১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৩। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৫। হিসাব রক্ষক, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
- ৬। সংরক্ষণ নথি।